

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউপি-১ অধিশাখা
www.lgd.gov.bd

নথি নং- ৪৬.০০.১০০০.০১৭.৯৯.০০১.১৬- ৯২৬

তারিখ : ১১ কার্তিক, ১৪২৩
২৬ অক্টোবর, ২০১৬

বিষয় : বগুড়া জেলার সোনাতলা উপজেলার দিকদাইড় ইউনিয়ন পরিষদের স্বাভাবিক কার্যক্রম প্রসঙ্গে।

সূত্র : জেলা প্রশাসক, বগুড়া কার্যালয়ের পত্র নং-৭৯৬(৩), তারিখঃ ০৬/০৯/২০১৬খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ২৯(৪) এ উল্লেখ আছে যে, “এই আইনে যাহা কিছুই থাকুক না কেন, ইউনিয়ন পরিষদের মেয়াদ শেষে নির্বাচনের পর উহার তিন-চতুর্থাংশ সদস্য শপথ গ্রহণ করিলে ইউনিয়নটি যথাযথভাবে গঠিত হইয়াছে বলিয়া গণ্য হইবে।” দিকদাইড় ইউনিয়ন পরিষদের নবনির্বাচিত চেয়ারম্যানসহ সকল সদস্যগণই শপথ গ্রহণ করেছেন। একই আইনের ধারা ৩০ এ উল্লেখ আছে যে, “পরিষদ গঠনের পর পূর্ববর্তী চেয়ারম্যান বা প্যানেল চেয়ারম্যানের দায়িত্বপ্রাপ্ত সদস্য তাঁহার দখলে বা নিয়ন্ত্রণে থাকা পরিষদের সকল নগদ অর্থ, পরিসম্পদ, দলিল দস্তাবেজ, রেজিষ্টার ও সীলমোহর যতশীঘ্র সম্ভব অথবা উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক স্থিরকৃত তারিখ, সময় ও স্থানে নতুন নির্বাচিত চেয়ারম্যান বা, ক্ষেত্রমত, মনোনীত প্যানেল চেয়ারম্যান বা চেয়ারম্যানের দায়িত্বপ্রাপ্ত সদস্যের নিকট পরিষদের সচিব ও উপজেলা নির্বাহী অফিসারের মনোনীত একজন প্রথম শ্রেণীর কর্মকর্তার উপস্থিতিতে বুঝাইয়া দিবেন।”

০২। এমতাবস্থায়, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩০ অনুযায়ী বগুড়া জেলার সোনাতলা উপজেলার দিকদাইড় ইউনিয়ন পরিষদের নবনির্বাচিত চেয়ারম্যানের নিকট পরিষদের দায়িত্বভার জরুরী ভিত্তিতে হস্তান্তরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(মোঃ মাহাবুবুর রহমান)
উপসচিব
ফোন : ৯৫৮৬৬০৫

জেলা প্রশাসক
বগুড়া।

অনুলিপি :

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।